



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/24/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

বিরাজমান COVID-19 বৈশ্বিক মহামারীর মাঝে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার হাসপাতালে স্বাস্থ্য সেবা রসদ বিতরণের ঘোষণা দিয়েছেন

জ্যাকব কে. জেভিটস কনভেনশন সেন্টার থেকে 339,760টি N-95 মাস্ক, 861,700টি সার্জিক্যাল মাস্ক, 353,300টি গ্লাভস, 145,122টি গাউন এবং 197,085টি ফেস শিল্ড প্রদান করা হচ্ছে

নিউ ইয়র্ক স্টেটে আরও 4,790টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 25,665-তে উন্নীত করে; নতুন ঘটনাসমূহ 2টি কাউন্টিতে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ সম্মুখ সারির স্বাস্থ্যসেবা কর্মীদের করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) মোকাবেলায় সাহায্য করতে নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টারের হাসপাতালসমূহে চিকিৎসা সরঞ্জাম এবং রসদ বন্টনের ঘোষণা দিয়েছেন।

জ্যাকব কে. জেভিটস কনভেনশন সেন্টার (Jacob K. Javits Convention Center) থেকে এইসকল অঞ্চলের হাসপাতালগুলোতে 339,760 টি N-95 মাস্ক, 861,700টি সার্জিক্যাল মাস্ক, 353,300টি গ্লাভস, 145,122টি গাউন এবং 197,085 টি ফেস শিল্ড প্রেরণ করা হবে।

- নিউ ইয়র্ক সিটি 169,000 টি N-95 মাস্ক, 430,850 টি সার্জিক্যাল মাস্ক, 176,750টি গ্লাভস, 72,561টি গাউন এবং 39,364টি ফেস শিল্ড পাবে।
- ওয়েস্টচেস্টার কাউন্টি 16,988টি N-95 মাস্ক, 301,595টি সার্জিক্যাল মাস্ক, 17,675টি গ্লাভস, 72,561টি গাউন ও 3,926টি ফেস শিল্ড লাভ করবে।
- লং আইল্যান্ড 33,976টি N-95 মাস্ক, 86,170টি সার্জিক্যাল মাস্ক, 35,350টি গ্লাভস, 14,512টি গাউন ও 7,853টি ফেস শিল্ড প্রাপ্ত হবে।
- নিউ ইয়র্ক স্টেটের বাকি অংশ 118,916টি N-95 মাস্ক, 301,595টি সার্জিক্যাল মাস্ক, 123,735টি গ্লাভস, 50,793টি গাউন ও 27,485টি ফেস শিল্ড গ্রহণ করবে।

এই বিতরণ গত সপ্তাহে স্টেটের ক্রয়কৃত 1 মিলিয়ন N-95 মাস্ক যা স্টেট নিউ ইয়র্ক সিটিতে প্রেরণ করেছে এবং প্রায় 500,000 N-95 মাস্ক যা স্টেট কিনেছিলো এবং লং আইল্যান্ডে প্রেরণ করেছিলো সেটির উপর ভিত্তি করে হচ্ছে।

সরবরাহগুলো গ্রেটার নিউ ইয়র্ক হাসপাতাল অ্যাসোসিয়েশন (Greater New York Hospital Association) এবং হেলথ কেয়ার অ্যাসোসিয়েশন অফ নিউ ইয়র্ক স্টেটের (Healthcare Association of New York State) পরামর্শের মাধ্যমে বিতরণ করা হচ্ছে, যারা উভয়ই হাসপাতালসমূহের সর্বাধিক প্রয়োজন শনাক্ত করতে সহায়তা করেছে।

"যদিও নতুন আক্রান্তের সংখ্যা অব্যাহতভাবে বাড়ছেই, আমরা পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে যাওয়া, সংক্রামিত ব্যক্তিদের বিচ্ছিন্ন করা, অপয়োজনীয় ব্যবসা বন্ধ করে দেওয়া এবং হাসপাতালের রোগীর চাপ সামলানোর সক্ষমতা বৃদ্ধি করা সহ যতগুলো বিকল্প হিসাবে ব্যবহার করতে পারি তার সবগুলোই আমরা গুরুত্ব দিয়ে প্রয়োগ করে যাচ্ছি।" **গভর্নর কুওমো বলেন।** "স্টেট এককভাবে এটি করতে পারবে না, এবং নিরেট সত্য এই যে আমাদের আরও বেশি ভেন্টিলেটর (ventilators) এবং স্বাস্থ্যসেবা সরঞ্জাম দ্রুত প্রয়োজন এবং আমাদের এই জরুরি সরঞ্জাম তৈরিতে সহায়তার জন্য বেসরকারী নির্মাতাদের সাহায্য পেতে ডিফেন্স প্রোডাকশন অ্যাক্ট (Defense Production Act) ব্যবহার করতে আমাদের ফেডারেল সরকারের প্রয়োজন। আমি ফেডারেল সরকারকে কেবলমাত্র নিউ ইয়র্ককে সহায়তা করার জন্য বলছি না — আমি এটি সবার জন্যই বলছি। নিউ ইয়র্ক হল প্রথম — যদি আমরা কিভাবে এখানে প্রভাব নিবৃত্ত করতে এবং অবস্থার ক্রমাগত উন্নতিসাধন করতে পারি, তবে আমরা পরবর্তী স্টেটসমূহকে সাহায্য করতে পারবো। একটি জাতি হিসেবে কিভাবে কাজ করা যায় চলুন তা শিখি।"

পরিশেষে, গভর্নর আরও 4,790টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটে স্টেট রাজ্যজুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 25,665-তে উন্নীত করে। মোট 25,665 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	146	19
Allegany	2	0
Broome	9	2
Cayuga	2	0
Chemung	1	1
Chenango	3	0
Clinton	8	2
Columbia	11	1
Cortland	2	0
Delaware	3	0

Dutchess	124	24
Erie	107	20
Essex	3	0
Fulton	1	0
Genesee	1	0
Greene	4	0
Hamilton	2	0
Herkimer	4	0
Jefferson	2	0
Livingston	3	0
Madison	5	1
Monroe	96	20
Montgomery	3	0
Nassau	2869	427
Niagara	11	1
NYC	14904	2599
Oneida	8	1
Onondaga	60	8
Ontario	7	1
Orange	498	109
Orleans	2	2
Oswego	2	1
Otsego	1	0
Putnam	67	22
Rensselaer	30	1
Rockland	671	79
Saratoga	60	7
Schenectady	46	2
Schoharie	1	0
St. Lawrence	1	0
Steuben	5	1
Suffolk	1880	422
Sullivan	30	7
Tioga	1	0
Tompkins	16	1
Ulster	47	12

Warren	2	0
Washington	3	0
Wayne	6	0
Westchester	3891	997
Wyoming	4	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)